গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাগুরা সদর, মাগুরা
www. magurasadar.magura.gov.bd

স্মারক নং-০৫.৪৪.৫৫৫৭.০০০.০৬.০১৪.২৩-৭৮(১৫০)    তারিখ : ২৬ .০১.২০২৩ খ্রিস্টাব্দ

## বাংলা ১৪৩০ সনের জন্য মাগুরা সদর উপজেলার হাট/বাজার ইজারা বিজ্ঞপ্তি-১

মাগুরা সদর উপজেলাধীন নিম্নবর্ণিত হাট/বাজারসমূহ বাংলা ১৪৩০ সালের জন্য (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র) ০১(এক) বছরের মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ইজারা দরপত্রদাতাদের নিকট হতে সীলমহরকৃত খামে নির্ধারিত ফরম এ দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | সিডিউল মূল্য | তিন বছরের গড় হিসাবে সরকারি মূল্য | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | ১ম দাখিলের তারিখ | ২য় দাখিলের তারিখ | ৩য় দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ফুলবাড়ী হাট-বাজার | ৫০০ | ৪২৭৫৫.০০ | ১২.০২.২০২৩ | ১৩.০২.২০২৩ | ২৩.০২.২২ | ০৬.০৩.২৩ |
| ০২ | হাজীপুর হাট-বাজার | ৫০০ | ৬৬৭০.০০ | ,, | ,, | ,, | ,, |
| ০৩ | শ্রীরামপুর হাট-বাজার | ৫০০ | ১১২৪.০০ | ,, | ,, | ,, | ,, |
| ০৪ | গাংনালিয়া হাট-বাজার | ২০০০ | ৬২৮০১৪.০০ | ,, | ,, | ,, | ,, |
| ০৫ | টেংগাখালী হাট-বাজার | ১২০০ | ২৪২২৫১.০০ | ,, | ,, | ,, | ,, |
| ০৬ | কছুন্দি হাট-বাজার | ৫০০ | ৭৩৯৩.০০ | ,, | ,, | ,, | ,, |
| ০৭ | কৃষ্ণপুর হাট-বাজার | ৫০০ | ০০.০০.০০ | ,, | ,, | ,, | ,, |
| ০৮ | রামনগর ট-হাট ও পশু হাট | ৮০০০ | ৩৬৮৫৬৯১.০০ | ,, | ,, | ,, | ,, |
| ০৯ | আলোকদিয়া হাট(মৎস্য আড়তসহ) | ৩৪০০ | ১৩৭০৯৩৪.০০ | ,, | ,, | ,, | ,, |
| ১০ | বরই হাট-বাজার | ৫০০ | ২৬৬৭৭.০০ | ,, | ,, | ,, | ,, |
| ১১ | ইছাখাদা নতুন ট-হাট ও পশু হাট | ১২০০ | ২১৭৬৫৪.০০ | ,, | ,, | ,, | ,, |
| ১২ | ইছাখাদা পুরাতন ট-হাট ও পশু হাট | ৫০০ | ১৩৭৮০.০০ | ,, | ,, | ,, | ,, |
| ১৩ | আলমখালী ট-হাট ও পশু হাট | ৬৬০০ | ২৯৩৭৯৬৯.০০ | ,, | ,, | ,, | ,, |
| ১৪ | ধনপাড়া হাট-বাজার | ৫০০ | ৫১৭৬৪.০০ | ,, | ,, | ,, | ,, |
| ১৫ | কালিশংকরপুর হাট-বাজার | ৫০০ | ৩০৭৪.০০ | ,, | ,, | ,, | ,, |
| ১৬ | রাঘবদাইড় হাট-বাজার | ৫০০ | ১৫৭৫৯.০০ | ,, | ,, | ,, | ,, |
| ১৭ | লক্ষ্মীপুর হাট-বাজার | ৫০০ | ১৮০২৬.০০ | ,, | ,, | ,, | ,, |
| ১৮ | বেরইল পূর্বপাড়া হাট-বাজার | ৫০০ | ১৫৮১২.০০ | ,, | ,, | ,, | ,, |
| ১৯ | উজিরাবাদ মালঞ্চি হাট-বাজার | ৫০০ | ২৩২৪.০০ | ,, | ,, | ,, | ,, |
| ২০ | ভাবনহাটি হাট-বাজার | ৫০০ | ৩১৯৭৭.০০ | ,, | ,, | ,, | ,, |
| ২১ | সত্যপুর হাট-বাজার | ৫০০ | ৯৫৭৬.০০ | ,, | ,, | ,, | ,, |
| ২২ | মঘী হাট-বাজার | ৫০০ | ৫৭৭৭.০০ | ,, | ,, | ,, | ,, |
| ২৩ | রাজিবের পাড়া হাট-বাজার | ৫০০ | ৪৫২৬২.০০ | ,, | ,, | ,, | ,, |
| ২৪ | মহিষাডাঙ্গা হাট-বাজার | ৫০০ | ৪৪৮৭৪.০০ | ,, | ,, | ,, | ,, |
| ২৫ | জগদল ট-হাট ও পশু হাট | ২২০০ | ৭৩১৪০০.০০ | ,, | ,, | ,, | ,, |
| ২৬ | জাগলা হাট-বাজার | ১২০০ | ২০৮২৯০.০০ | ,, | ,, | ,, | ,, |
| ২৭ | কাটাখালী ট-হাট পশু হাট | ৯২০০ | ৪২০৫৩৭৩.০০ | ,, | ,, | ,, | ,, |
| ২৮ | ধলহরা হাট-বাজার | ৫০০ | ৩০৩৮৭.০০ | ,, | ,, | ,, | ,, |
| ২৯ | গোবিন্দপুর হাট-বাজার | ৫০০ | ২৫৮৫.০০ | ,, | ,, | ,, | ,, |
| ৩০ | নিশ্চিন্তপুর হাট-বাজার | ৫০০ | ২৫০৯.০০ | ,, | ,, | ,, | ,, |
| ৩১ | শত্রুজিৎপুর ট-হাট | ২৪০০ | ৮৭৪৫০০.০০ | ,, | ,, | ,, | ,, |
| ৩২ | শত্রুজিৎপুর পশু হাট | ১২০০ | ২৫২৮১০.০০ | ,, | ,, | ,, | ,, |
| ৩৩ | বেরইল পলিতা হাট-বাজার | ২০০০ | ৬৩৬০৩৬.০০ | ,, | ,, | ,, | ,, |
| ৩৪ | কুল্লিয়া ট ও পশু হাট | ১০০০ | ১৪৬৮১০.০০ | ,, | ,, | ,, | ,, |
| ৩৫ | আমুড়িয়া হাট-বাজার | ৫০০ | ৭৩৪৯৪.০০ | ,, | ,, | ,, | ,, |
| ৩৬ | গাবতলা ট ও পশু হাট | ৫০০ | ৭৮০৯.০০ | ,, | ,, | ,, | ,, |
| ৩৭ | পথের হাট-বাজার | ৫০০ | ৮২৭৯.০০ | ,, | ,, | ,, | ,, |
| ৩৮ | গোয়ালবাথান হাট-বাজার | ৫০০ | ৩০৯১৭.০০ | ,, | ,, | ,, | ,, |
| ৩৯ | বাহারবাগ হাট-বাজার | ৫০০ | ২২৯৭.০০ | ,, | ,, | ,, | ,, |

**দরপত্র প্রাপ্তির স্থানঃ**

ক. জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা
খ. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাগুরা সদর, মাগুরা
গ. সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মাগুরা সদর, মাগুরা
ঘ. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি:, মাগুরা
ঙ. অফিসার ইন চার্জ, মাগুরা থানা, মাগুরা

দরপত্র দাখিলের স্থান ঃ

ক. জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা

খ. উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মাগুরা সদর, মাগুরা

গ. সহকারী কমিশনার (ভূমি), এর কার্যালয়, মাগুরা সদর, মাগুরা

১ম দফার দরপত্র ক্রয়ের তারিখ ও সময় ঃ

০৫.০২.২০২৩ হতে ১২.০২.২০২৩ তারিখ অফিস চলাকালীন সময়

১ম দফার দরপত্র দাখিলের তারিখ ও সময় ঃ

১৩.০২.২০২৩ তারিখ দুপুর ১.০০ পর্যন্ত

১ম দফার দরপত্র খোলার তারিখ ও সময় ঃ

১৩.০২.২০২৩ তারিখ দুপুর ২.০০ টা দরপত্র খোলার স্থানঃ উপজেলা পরিষদ মিলনায়তন, মাগুরা সদর

দরপত্র দাখিল সংক্রান্ত শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসার, মাগুরা সদর এর কার্যালয় হতে জানা যাবে।

দরপত্রের শর্তাবলী ঃ

১. বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ সনের ৩১শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২. দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রের উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধণ করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমকারীর বরাবরে প্রত্যার্পন করা হইবে।

৩. যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজহারের পূর্ববর্তী ৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হতে কম হয় তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজরের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না এবং এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অনুর্ভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট-১৫%, আয়কর-১০%সহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩৫০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ রাখিবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখা দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচনা হইবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে হাট বাজার ইজারার ক্ষেত্রে বিধি মোতাবেক যে কোন শর্ত পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংযোজন, বিয়োজন কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৫/০১/২৩

(মোঃ তারিফ-উল-হাসান)
উপজেলা নির্বাহী অফিসার
মাগুরা সদর, মাগুরা

F:\Hat Bazar\Hatbazar-1430.doc